

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ৩১-০৮-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৮-০৮-২০২৩ থেকে ৩০-০৮-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

২৮ আগস্ট: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার অনেক জায়গায় অতি ভারী থেকে প্রবল ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাও জেলার কয়েক জায়গায় অতি ভারী থেকে ভারী বৃষ্টিপাত সহ দুয়েক জায়গায় প্রবল ভারী বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায় এবং কোচবিহার জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : ঝালং:৩০; মালবাজার:২২; নাগরাকাটা:১৯; মূর্তি:১৮; হাসিমারা, সামসিং:১১; বক্রাদুয়ার:৭; বাগরাকোট, আলিপুরদুয়ার:৬; বাগডোগরা, সেবক, বারোবিশা, গাজোলডোবা:৪

২৯ আগস্ট: গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কালিম্পাও জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): কালিম্পাও, আলিপুরদুয়ার:৭; বক্রাদুয়ার:৫; কালিম্পাও, গাজোলডোবা, হাসিমারা, জলপাইগুড়ি, মাটিগাড়া:৪; বাগরাকোট, বারোবিশা:৩; বাগডোগরা:২; পুন্ডিবাড়ি, নাগরাকাটা:১

৩০ অগাস্ট: গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : দমদম:৭; সেবক, মাটিগাড়া:৪; চম্পাসারি:৩;

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ): উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭৩ থেকে ৯৪ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭২ থেকে ৯০ শতাংশ।

শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (২৭.০৮.২০২৩ থেকে ০২.০৯.২০২৩ পর্যন্ত) :

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৪৬	৫৪	হাওড়া	৭৪	২৬
বীরভূম	৪৮	৫২	মুর্শিদাবাদ	৫০	৫০
বর্ধমান	৪৮	৫২	নদীয়া	৫৪	৪৬
হুগলী	৫৫	৪৫	২৪ পরগনা	৬০	৪০
পুরুলিয়া	৭০	৩০			

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

৩১ অগাস্ট (দিন ১) -

পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় বৃষ্টি বা বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হবার সম্ভাবনা আছে। এই অঞ্চলের স্থলভাগে আগামী ৫ দিনে, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

০১ সেপ্টেম্বর (দিন ২)-

হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গের জেলাগুলোর এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলাগুলোর অনেক জায়গায় আর গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর কয়েক জায়গায় বৃষ্টি বা বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হবার সম্ভাবনা আছে।

০২ সেপ্টেম্বর (দিন ৩) -

পশ্চিমবঙ্গের অনেক জায়গায় বৃষ্টি বা বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হবার সম্ভাবনা আছে।

সতর্কীকরণ:

৩১ আগস্ট (দিন ১) -

পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হবার সম্ভাবনা আছে।

০১ সেপ্টেম্বর (দিন ২)-

পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হবার সম্ভাবনা আছে।

০২ সেপ্টেম্বর (দিন ৩) -

পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হবার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সর্

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

৩১-০৮-২০২৩